ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৬৬১
আগরতলা, ৮ জানুয়ারি, ২০২৬

**উমাকান্ত মাঠে আগামীকাল থেকে শুরু হচ্ছে বিরসা মুন্ডা ফুটবল প্রতিযোগিতা**

উমাকান্ত মিনি স্টেডিয়ামে আগামীকাল থেকে শুরু হচ্ছে ৪ দিনব্যাপী ভগবান বিরসা মুন্ডা ফুটবল টুর্নামেন্ট -২০২৬। আগামীকাল দুপুর ২টায় প্রতিযোগিতা শুরু হবে। এবারের ফুটবল প্রতিযোগিতার শ্লোগান হল ‘কিক ফর হেলথ, প্লে ফর প্রাইড’। প্রতিযোগিতায় ৮টি জেলা থেকে ছাত্র ও ছাত্রীদের ১৬টি দল অংশগ্রহণ করবে। আজ ভগৎ সিং যুব আবাসে এক সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ দপ্তরের সচিব কে শশীকুমার এই সংবাদ জানান। সচিব প্রতিযোগিতার সুদৃশ্য ট্রফিগুলির আনুষ্ঠানিকভাবে আবরণ উন্মোচন করেন।

জনজাতি কল্যাণ দপ্তরের সচিব জানান, জনজাতি ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষাকে উন্নত করতে এবং প্রতিযোগিতামূলক মনোভাব তৈরী করতে রাজ্যের জনজাতি হোস্টেলগুলির মধ্যে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। এবছর সারা রাজ্যের জনজাতি ছাত্রাবাস এবং ছাত্রীআবাসের ৩১৬টি দল মহকুমাস্তরে প্রতিযোগিতায় অংশ নেয়। এর মধ্যে ছাত্রদের দল ১৯৬টি এবং ছাত্রীদের দল ছিল ১২০টি। জেলাস্তরে প্রতিযোগিতায় ৪৬টি দল অংশ নেয়। এর মধ্যে ছাত্রীদের দল ২৩টি এবং ছাত্রদের দল ২৩টি। আগামীকাল থেকে শুরু হওয়া রাজ্যস্তরের প্রতিযোগিতায় ৮টি জেলা থেকে ১৬টি দল অংশগ্রহণ করবে। এর মধ্যে মেয়েদের দল ৮টি এবং ছেলেদের দল ৮টি। সচিব জানান, রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল এবং ফাইনাল ম্যাচ মিলিয়ে মোট ১৬টি ম্যাচ অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় পুরস্কার হিসেবে চ্যাম্পিয়ান দল পাবে সুদৃশ্য ট্রফি এবং ১ লক্ষ টাকা, প্রথম রানার্সআপ দল পাবে ট্রফি ও ৭৫ হাজার টাকা এবং দ্বিতীয় রানার্সআপ দল পাবে ট্রফি এবং ৫০ হাজার টাকা। ফেয়ার প্লে পুরস্কার পাওয়া দল পাবে ট্রফি এবং ২৫ হাজার টাকা। প্রতিযোগিতার সেরা খেলোয়াড়কে ট্রফি এবং ১০ হাজার টাকা, সর্বোচ্চ গোলদাতাকে ট্রফি এবং ১০ হাজার টাকা, সেরা গোলকিপারকে ট্রফি এবং ১০ হাজার টাকা পুরস্কার দেওয়া হবে। তাছাড়া প্রতিটি ম্যাচের সেরা খেলোয়াড়কে ট্রফি এবং ১ হাজার টাকা করে পুরস্কার দেওয়া হবে।

সাংবাদিক সম্মেলনে সচিব বলেন, জনজাতি যুবক যুবতীদের খেলাধুলায় উৎসাহিত করতে জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে বিভিন্ন ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। সুবর্ণজয়ন্তী ত্রিপুরা নির্মাণ যোজনায় দুটি সিন্থেটিক ফুটবল মাঠ নির্মাণ করা হয়েছে ঊনকোটি জেলার দেওড়াছড়া এবং গোমতী জেলার কিল্লায়। খোয়াই জেলার মুঙ্গিয়াকামীতে আরেকটি সিন্থেটিক ফুটবল মাঠ গড়ে তোলার কাজ চলছে। তিনি বলেন, বিরসা মুন্ডা ফুটবল টুর্নামেন্ট শুধু একটি প্রতিযোগিতা নয়, বিভিন্ন ছাত্রাবাসে থাকা ছাত্রছাত্রীদের প্রতিভা প্রদর্শন, আত্মবিশ্বাস গড়েতোলা, তাদের ঐক্যের চেতনায় সমৃদ্ধ করা এবং উচ্চতর লক্ষ্যে উন্নীত হওয়ার সুযোগ তৈরী করে দেওয়ার একটি মঞ্চ। উমাকান্ত মাঠে আয়োজিত প্রতিটি ম্যাচ উপভোগ করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান।

*****